

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৯৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

بَابُ صِفَةِ الصَّلُوةِ

আরবী

وَعَن وَائِل بن حجراًنه رأى النَّبِي صلى الله عَلَيْهِ وَسلم رفع يَدَيْهِ حِينَ دَخَلَ فِي الصَّلَاةِ كَبَّرَ ثُمَّ الْتَحَفَ بِثَوْبِهِ ثُمَّ وَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى الْيُسْرَى فَلَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ أَخْرَجَ يَدَيْهِ مَن الثَّوْبِ ثُمَّ رفعهما ثمَّ كبر فَرَكَعَ فَلَمَّا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَفَعَ يَدَيْهِ فَلَمَّا سَجَدَ سَجَدَ بَيْنَ كَفَّيْهِ. رَوَاهُ مُسلم

বাংলা

৭৯৭-[৮] ওয়ায়িল ইবনু হূজর (রাঃ)হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছেন যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করার সময় দু' হাত উঠিয়ে তাকবীর বললেন। এরপর হাত কাপড়ের ভিতরে ঢেকে নিলেন এবং ডান হাত বাম হাতের উপর রাখলেন। তারপর রুকু'তে যাবার সময় দু' হাত বের করে উপরের দিকে উঠালেন ও তাকবীর বলে রুকু'তে গেলেন। রুকু' হতে উঠার সময় 'সামি'আল্লা-হু লিমান হামিদাহ'' বলে আবার দু' হাত উপরে উঠালেন। তারপর দু' হাতের মাঝে মাথা রেখে সিজদা (সিজদা/সেজদা) করলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪০১, আহমাদ ১৮৮৬৬, ইরওয়া ৩৫২, সহীহ ইবনু খুযাইমাহ্ ৯০৬। 'তিনি ডান হাত বাম হাতের উপর নিয়ে তা বক্ষের উপর রাখতেন' মর্মে হাদীস সহীহ ইবনু খুযায়মাতে রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু খুযায়মার সহীহ কিতাবের মধ্যে আছে তিনি তার ডান হাতকে সিনার উপরে রাখলেন। কাপড়ের ভেতর ঢেকে নেয়ার কারণ এমন হতে পারে যে, সময়টা শীতকাল ছিল এবং ঠাণ্ডা হতে রক্ষার জন্য হাত ভেতরে



নেয়া হয়েছে। অন্য হাদীসে এর সমর্থন মেলে।

এ হাদীস থেকে প্রমাণ যে, হাত উঠানোর সময় দু'হাত খোলা রাখা মুস্তাহাব।

ইবনুল মালিক বলেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সাজদায় গিয়ে দু'হাতের তালুর বরাবর মাথা রাখলেন। আর এক রিওয়ায়াত আছে, তার মাথা ও কপাল বরাবর দু'হাত রাখলেন।

আর রাবী সালাতের বাইরে থেকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর 'আমল প্রত্যক্ষ করছিলেন। ডান হাতকে বাম হাতের উপর রাখার ব্যাপারে সকল ইমাম একমত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন